কালের কণ্ঠ

তারিখ 22 JAN 2017
পৃষ্ঠা ৩ কলাম ১

### শিক্ষার্থীদের নবীনবরণে ইমদাদুল হক মিলন

# যেখানে মায়েরা সচেতন সেখানে অশিক্ষিত থাকতে পারে না

**নিজস্ব প্রতিবেদক, গাজীপুর ▷**

কথাসাহিত্যিক ও কালের কণ্ঠ সম্পাদক ইমদাদুল হক মিলন বলেছেন, 'যে এলাকার মেয়েরা সচেতন, সে এলাকায় বাল্যবিয়ে হতে পারে না। যে এলাকার মায়েরা সচেতন, সে এলাকায় অশিক্ষিত থাকতে পারে না। যে মায়েরা সন্তানের হাতে বই তুলে দেয়, সে এলাকা অন্ধকার থাকতে পারে না।' গতকাল শনিবার গাজীপুরের কোনাবাড়ী এলাকার জেনুইন রেসিডেন্সিয়াল কলেজের নবীনবরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানের সহযোগিতায় ছিল জেনুইন রেসিডেন্সিয়াল কলেজ শাখা কালের কণ্ঠ শুভসংঘ।

নারীদের প্রতি শ্রদ্ধা জানিয়ে ইমদাদুল হক মিলন বলেন, 'আমাদের দেশের প্রধানমন্ত্রী, বিরোধীদলীয় নেত্রী, স্পিকার নারী। বাংলাদেশের মেয়ে এভারেস্ট জয় করবে, তা কেউ কল্পনা করেনি। কিন্তু এভারেস্ট জয়, নারী ফুটবল, নারী ক্রিকেটসহ নানা ক্ষেত্রে কৃতিত্ব দেখিয়ে বাংলাদেশের নারীরা আজ প্রশংসিত।'

নবীন শিক্ষার্থীদের উদ্দেশে কালের কণ্ঠ সম্পাদক বলেন, 'জিপিএ ৫ পাওয়া নয়, আমাদের জীবনের লক্ষ্য হওয়া উচিত শিক্ষিত হওয়া।'

কলেজ পরিচালনা পরিষদের সভাপতি মো. মাঈনুল ইসলাম টিপুর সভাপতিত্বে অনুষ্ঠানে আরো বক্তব্য দেন কলেজের পরিচালক ফাহিমা আক্তার বিউটি, ঢাকা উত্তরের সম্মিলিত সাংস্কৃতিক জোটের সাধারণ সম্পাদক মো. শফিকুল ইসলাম, গাজীপুর সিটি করপোরেশনের কাউন্সিলর সেলিম রহমান ও আব্বাস উদ্দিন খোকন এবং শুভসংঘের কেন্দ্রীয় সভাপতি ও কালের কণ্ঠ'র ইভেন্ট সম্পাদক সাজ্জাদুল ইসলাম নয়ন। অনুষ্ঠান পরিচালনা করেন শুভসংঘের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক মো. মনির হোসেন।

এর আগে দুপুরে ইমদাদুল হক মিলন অনুষ্ঠানস্থল কোনাবাড়ীর মেঘের ছোয়া পিকনিক স্পটে এসে পৌঁছলে শিক্ষার্থীরা ফুল ছিটিয়ে ও তোড়া দিয়ে তাঁকে স্বাগত জানায়। তাঁর আগমন উপলক্ষে কলেজ কর্তৃপক্ষ লেখকের বিভিন্ন বইয়ের একক সমাহারের আয়োজন করে। তিনি প্রায় তিন ঘণ্টা স্টলে দাঁড়িয়ে বইপ্রেমী ভক্তদের অটোগ্রাফ দেন।

অনুষ্ঠানের শেষ দিকে কলেজ পরিচালনা পরিষদের সভাপতি মাঈনুল ইসলাম প্রধান অতিথি ইমদাদুল হক মিলনকে ক্রেস্ট উপহার দেন।